মুজিবনগরে জুলাই গণঅভ্যুত্থান ও তারুণ্যের উৎসব ফুটবল টুর্নামেন্টে বাগোয়ান চ্যাম্পিয়ন

মুজিবনগরে জুলাই গণঅভ্যুত্থান ও তারুণ্যের উৎসব ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকেলে দারিয়াপুর ফুটবল খেলার মাঠে উপজেলা ক্রীড়া সংস্থা ও উপজেলা প্রশাসনের আয়োজনে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় একদিকে অংশগ্রহণ করেন বাগোয়ান ইউনিয়ন একাদশ এবং অন্য দিকে অংশগ্রহণ করে মহাজনপুর ইউনিয়ন একাদশ। প্রতিদ্বন্দ্বিতা পূর্ণ খেলায় বাগোয়ান ইউনিয়ন একাদশ ৩-১ গোলে মহাজনপুর ইউনিয়ন একাদশকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বিজয় দলের জিহাদ, মিনারুল শেখ ও অমিত একটি করে গোল করেন অপরদিকে পরাজিত দলের রিফাত ১ টি গোল পরিশোধ করেন।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডলের সভাপতিত্বে, মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জুলাই গণঅভ্যুত্থান ও তারুণ্যের উৎসব ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা উপভোগ করেন এবং পুরস্কার বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানার তদন্ত অফিসার জাকির হোসেন, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও মোনাখালী ইউনিয়ন পরিষদের প্রশাসক রকিব উদ্দিন, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য জহিরুল ইসলাম, হাসান মোস্তাফিজুর রহমান।

খেলাটি পরিচালনা করেন, গাংনী থেকে আগত রেফারি মাহবুব হোসেন। সহকারী হিসাবে ছিলেন, টুটুল এবং পারভেজ। খেলার ধারাভাষ্যকার হিসেবে ছিলেন, শাহার আলী ও শামিম শিশির। টুর্নামেন্টের সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন মহাজনপুর ইউনিয়ন একাদশের খেলোয়াড় রিফাত, ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হয়েছেন বাগোয়ান ইউনিয়ন

একাদশের খেলোয়াড় জিহাদ এবং সেরা গোলকিপারের পুরস্কার পেয়েছেন বাগোয়ান ইউনিয়ন একাদশের গোলকিপার প্রিতম।

উল্লেখ্য যে মাদক, নেশা ও জুয়া মুক্ত যুব সমাজ গড়ার প্রত্যয়ে এবং যুবকদের খেলামুখী করতে উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থার আয়োজনে তৃণমূল পর্যায় থেকে প্রতিভাবান খেলোয়াড় বাছাই করার উদ্দেশ্যে প্রত্যেকটি ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। ওয়ার্ড পর্যায়ে থেকে বাছাইকৃত খেলোয়াড়দের নিয়ে প্রত্যেক ইউনিয়নে ২টি করে টিম গঠন করা হয়।

উপজেলা পর্যায়ের খেলায় নকআউট পর্যায়ে চারটি ইউনিয়নের আটটি দল অংশগ্রহণ করে। ইউনিয়ন পর্যায়ের আটটি দল থেকে খেলোয়াড় বাছাই করে পরবর্তীতে উপজেলা টিম গঠন করা হবে।

গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির বিজয় মিছিল

ছাত্র-জনতার ঐতিহাসিক গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে বর্ণাঢ্য বিজয় র‍্যালি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার (৬ আগস্ট) বিকেল ৫টার দিকে শহরের কলেজ মোড় থেকে র‍্যালিটি শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পৌর পাথর গেটে গিয়ে শেষ হয়।

এসময় নেতাকর্মীদের হাতে ছিল ব্যানার-ফেস্টুন, আর ঢাক-ঢোলের তালে তালে এগিয়ে যায় বিজয়ের মিছিল।

জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টনের নেতৃত্বে জেলা বিএনপির সদস্যসচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাপি, ইলিয়াস হোসেন, আনছারুল হক, ওমর ফারুক লিটন, আবু সালেহ মোহাম্মদ নাসিম,

মীর ফারুক হোসেনসহ দলের অঙ্গ ও সহযোগী সংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মীরার্ যালিতে অংশগ্রহণ করেন।

মেহেরপুরে গণঅভ্যুত্থান স্মারক বিতর্ক উৎসবের পুরস্কার বিতরণী

“যুক্তি দিয়ে জাগো” এই শ্লোগানে জুলাই গণঅভ্যুত্থান স্মারক বিতর্ক উৎসব ২০২৫ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার মেহেরপুর ডিবেটিং ফোরামের উদ্যোগে ও জেলা পরিষদের সৌজন্যে জেলা পরিষদ মিলনায়তনে এ বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়।

জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা ও অনুষ্ঠানের আহ্বায়ক সামিউল হকের সভাপতিত্বে এবং মেহেরপুর ডিবেটিং ফোরামের আহ্বায়ক রিদওয়ানুল হক মুজাহিদ ও জেলা পরিষদের কর্মকর্তা জাহিদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অনুষ্ঠানের বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর এবং জেলা পুলিশের প্রতিনিধি ইন্সপেক্টর বজলুর রহমান।

অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।
ইতিহাসের প্রতি দায়বদ্ধতা এবং তারুণ্যের বুদ্ধিবৃত্তিক বিকাশে ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের স্মরণে এবং তরুণ প্রজন্মকে সেই ঐতিহাসিক চেতনায় উদ্বুদ্ধ করতেই এই বিতর্ক উৎসবের আয়োজন করা হয়েছে বলে জানিয়েছেন আয়োজকরা।

মাধ্যমিক, কলেজ ও ডিগ্রি পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে এই বিতর্ক উৎসবে মোট ২০টি দল অংশগ্রহণ করে।
একইসাথে মেহেরপুর সরকারি কলেজে এ বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়।

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও ডিগ্রি পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে গত কয়েকদিন ধরে সরকারি কলেজে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ীদের ফলাফল:

মাধ্যমিক পর্যায়ে চ্যাম্পিয়ন জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, প্রথম রানার্সআপ জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় রানার্সআপ আমতৈল মাধ্যমিক বিদ্যালয়।
কলেজ পর্যায়ে চ্যাম্পিয়ন মেহেরপুর সরকারি মহিলা কলেজ, প্রথম রানার্সআপ ছহিউদ্দীন ডিগ্রি কলেজ, দ্বিতীয় রানার্সআপ মেহেরপুর সরকারি কলেজ। বিশ্ববিদ্যালয় ক্যাটাগরিতে
চ্যাম্পিয়ন মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের বিজয় ২৪ দল, রানার্সআপ রাষ্ট্রবিজ্ঞান বিভাগের নবজাগরণ ২৪ দল। ডিবেটিং অব দ্য টুর্নামেন্টে মাধ্যমিক পর্যায়ে আবু জারিফ মোহাম্মদ জায়ান (জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ), কলেজ পর্যায়ে ইস্তিয়াক আহমেদ (মেহেরপুর সরকারি কলেজের দলনেতা)।

প্রধান অতিথির কাছ থেকে বিজয়ীরা সম্মাননা ক্রেস্ট গ্রহণ করেন।

জুলাই গণঅভ্যুত্থান দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন আইডিয়া আহ্বান করা হয়।
বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান থেকে মোট ৯টি আইডিয়া গ্রহণ করা হয়, যার মধ্যে ৩টি আইডিয়া বাছাই করে বাস্তবায়নের সিদ্ধান্ত নেওয়া হয়।

বাছাইকৃত আইডিয়াগুলো হলো ১. যুক্তি দিয়ে জাগো বিতর্ক প্রতিযোগিতা ২. ক্লিন স্কুল গ্রীন স্কুল ৩. মানবতার আলো জ্বালো।

৩৬ দিনব্যাপী অনুষ্ঠানের সমাপনী দিনে বিভিন্ন পর্যায়ের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ঐতিহাসিক গণঅভ্যুত্থান উপলক্ষ্যে দামুড়হুদায় বিএনপির প্রস্তুতিসভা ও দোয়া

আগামী ৫ আগষ্ট ঐতিহাসিক গণঅভ্যুত্থান পালনের প্রস্তুতিসভা ও দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুল রহিমের মৃত্যুতে দোয়া অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা উপজেলার বিএনপির আয়াজনে গতকাল রবিবার বেলা ৪ টার দিকে দলীয় অস্থায়ী কার্যালয়ে এই প্রস্তুতি সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

দামুড়হুরা উপজেলা বিএনপির সহ-সভাপতি আব্দুল ওয়াহেদের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভা ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক আবুল হাশেম।

আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক আনছার আলী, সাংগঠনিক সম্পাদক গোলাম কবির, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ইদ্রিস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, যুগ্ম-সাধারণ সম্পাদক জুলফিকার আলি ভুট্টু, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, উপজেলা মহিলা দলের সভানেত্রী ছালমা জাহান পারুল, সদস্য সচিব বেবি খাতুন, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, কৃষক দলের যুগ্ন-আহ্বায়ক মতিন, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, মৎস্যজীবি দলের আহ্বায়ক আব্দুল কাদের, সদস্য সচিব আমিরুল ইসলাম সহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের শতাধিক নেতাকর্মী।

জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে প্রস্তুতি সভা

আগামী ৫-ই আগষ্ট ” জুলাই গণঅভ্যুত্থান দিবস ” উৎযাপন উপলক্ষ্যে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন এর সভাপতিত্বে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় ” জুলাই গণঅভ্যুত্থান দিবস ” যথাযথভাবে উৎযাপনের লক্ষ্যে নিম্নলিখিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আগামী ০৫ -ই আগষ্ট সকাল ১০ টা জুলাই স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ ও সকাল ১১ টা আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

চুয়াডাঙ্গায় জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান দিবস উৎযাপন করলো রোভার

বাংলাদেশ স্কাউটস চুয়াডাঙ্গা জেলা রোভারের আয়োজনে ও চুয়াডাঙ্গা সরকারি কলেজের ব্যবস্থাপনায় শনিবার সকাল দশটায় জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান দিবস উৎযাপন উপলক্ষে জুলাই আন্দোলনে শহিদদের

স্মরণে র্যালি,রক্তদান কর্মসূচি, স্বরচিত কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, পোস্টার ও দেয়ালিকা প্রকাশ, জুলাই-আগস্ট আন্দোলনের স্মৃতি নিয়ে চিত্রাঙ্কন,ফটোগ্রাফি ও ভিডিও ফুটেজ প্রদর্শন প্রতিযোগিতা ও বৃক্ষ রোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

দিনব্যাপী প্রোগ্রামে অফিসার অব দা ডে হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা রোভারের সাবেক সম্পাদক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার(সংগঠন ও বিধি) জাহিদুল হাসান(এএলটি)। দিনব্যাপী এই আয়োজনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক আব্দুর মুর্কিত জোয়ার্দ্দার(এএলটি), চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার(ভূ-সম্পত্তি) ও অধ্যক্ষ নিগার সিদ্দিক ডিগ্রি কলেজ আবু নাসির(উডব্যাজ), চুয়াডাঙ্গা জেলা রোভারের কোষাধ্যক্ষ লিয়াকত আলী(উডব্যাজ), চুয়াডাঙ্গা জেলা রোভারের রোভার স্কাউট লিডার প্রতিনিধি এমদাদ হোসেন(উডব্যাজ), চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্ম সম্পাদক শাফিউল ইসলাম, হেলেনা নাসরিন(উডব্যাজ)।

এছাড়াও চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী কমিটির অন্যান্য সম্মানিত ইউনিট লিডার ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। দিনব্যাপী এ আয়োজনে বিভিন্ন প্রতিযোগিতায় রোভার ও গার্ল ইন রোভার অংশগ্রহণ করেন।

বিভিন্ন প্রতিযোগিতা শেষে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল থেকে প্রেরিত জুলাই আন্দোলন পরবর্তী সময়ে চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্থানে ট্রাফিক সেবাদান কার্যক্রমে অংশগ্রহণকারী রোভার স্কাউট লিডার, রোভার এবং গার্ল ইন রোভারদের মাঝে সনদ বিতরণ করা হয়।

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণে মেহেরপুরে

স্মরণসভা

২০২৪ সালের জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণে স্মরণসভা আয়োজন করা হয়েছে।

আজ মঙ্গলবার (০৩ ডিসেম্বর) সকাল দশটার সময় জেলা প্রশাসকের আয়োজনে ও জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ স্মরণসভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে স্মরণ সভায় উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক শামীম হোসেন, জেলা সিভিল সার্জন মোঃ ডাঃ মহী উদ্দীন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ রনি আলম নুর, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে, অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) কামরুল আহসান, সিনিয়র সহকারী কমিশনার নাদির হোসেন শামীম, সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) গাজী মূয়ীদুর রহমান, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, সহকারী কমিশনার মোঃ আবীর হোসেন, জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ, জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খান ছাতু, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা জামায়াতের আমীর তাজ উদ্দিন খান, জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, বীর মুক্তিযোদ্ধা (অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন) আব্দুল মালেক, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মিজান মেনন, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, জেলা সমাজসেবা অফিসার আশাদুল ইসলাম, জেলা তথ্য অফিসার আব্দুল আল মামুন, ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জেএম সিরাজুল মূনীর।

সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট তানজিনা শারমিন দৃষ্টির সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর কলেজ অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজির (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) খন্দকার মুইজ, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা আহবায়ক ইমতিয়াজ আহমেদ, যুগ্ন আহবায়ক মোঃ তামিম ইসলাম, সিনিয়র সাংবাদিক রফিকুল আলম, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, বাসসের জেলা প্রতিনিধি সাংবাদিক দিলরুবা খাতুনসহ বিভিন্ন সরকারি অফিসের কর্মকর্তা কর্মচারী ও বৈষম্য ছাত্র আন্দোলনের অন্যান্য প্রতিনিধিরাও ।

দামুড়হুদায় গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের স্মরণে স্মরণসভা

দামুড়হুদা উপজেলার ২০২৪ সালে জুলাই-আগষ্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের স্মরণে তাদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে স্মরণসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল ৩টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এ স্মরণসভা অনুষ্ঠিত হয়।

ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন কমিটির আহবায়ক আসলাম হোসেন অর্ক, সদস্য সচিব সাফফাতুল ইসলাম, দর্শনা ছাত্র সমন্বয়ক রিঙ্কু আক্তার, নিশাত তামান্না, তানভীর রহমান, সোহান ইসলাম, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন হিমেল, দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি মোঃ আব্দুল গফুর, জামায়াতে ইসলামীর দর্শনা পৌর শাখার সহকারী সেক্রেটারি মোঃ আব্দুল কাদের,
প্রমূখ।

এসময় বক্তারা বলেন, জুলাই-আগস্টে ছাত্র জনতার সমন্বিত গণঅভ্যুত্থানে দেশের জনগণ এক নতুন বাংলাদেশ পেয়েছে। আমরা চাই আধুনিক ও বৈষম্যহীন সমাজ। বাংলাদেশে কোন বৈষম্য থাকতে পারে না। যেকোনো প্রতিকূলতার বিরুদ্ধে সংগ্রাম মানুষের চিরায়ত ঐতিহ্য এবং এটি আমরা যুগে যুগে দেখতে পেয়েছি। বক্তারা আরো বলেন যারা গণঅভ্যুত্থানে জীবন দিয়েছেন, ত্যাগ স্বীকার করেছেন, দুঃখ-কষ্ট ভোগ করেছেন এবং যে মায়েরা সন্তান হারিয়েছেন সবারই আত্মত্যাগ সফল হোক। সবাইকে নিয়ে আমরা যেন সুন্দর বাংলাদেশ ও সুন্দর সমাজ গড়তে পারি।

শেষে শহীদ ও আহতদের স্মরণ করে তাদের জন্য দোয়া মোনাজাত করা হয়।

এসময় আহতদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণসভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর ২০২৪ সালের জুলাই- আগস্টে ছাত্র- জনতার গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণে তাদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে স্মরণসভা অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টায় কোটচাঁদপুর অফিসার্স ক্লাবে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার উছেন মের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা আমানউল্লাহ, কোটচাঁদপুর মডেল থানার ওসি (তদন্ত) স্বপন কুমার, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম,পল্লীসঞ্জয় কর্মকর্তা শাইলা শারমিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, প্রাথমিক শিক্ষক কর্মকর্তা সাখি সালমা, একাডেমিক সুপারভাইজার ফারুক হোসেন, কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইছাহক আলী।

এছাড়াও বক্তব্য রাখেন ঝিনেদাহ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন আহ্বায়ক কমিটির সংগঠক হৃদয় আহসান, সাইফুল ইসলাম শিলু, তুহিন রহমান।

তত্ব কর্মকর্তা তানিয়া সুলতানার সঞ্চালনায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের যুগ্ম সদস্য সচিব আল শাহরিয়ার অভিক, ফায়েজ আহম্মেদ, দেলোয়ার হোসেন দিলু, মোহাম্মদ আবীর হোসেন, আল মাসুদ প্রত্যয়, হাবিবুর রহমান সহ অনেকে।